

(প্রেস বিজ্ঞপ্তি)

৫ জুন ২০২২

সীতাকুণ্ড কন্টেনার ডিপোতে ভয়াবহ অগ্নিকাণ্ডে আহতদের মেডিকেল দেখতে গেলেন সিটি মেয়র

সীতাকুণ্ড কন্টেনার ডিপোতে ভয়াবহ অগ্নিকাণ্ডে আহতদের মেডিকেল কলেজ হাসপাতালে আজ সন্ধ্যায় দেখতে যান সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। তিনি বার্ণ ইউনিটসহ বিভিন্ন ওয়ার্ডে দূর্ঘটনা কবলিত রোগী ও তাদের আত্মীয় স্বজনদের সাথে কথা বলেন ও তাদের চিকিৎসার খোঁজ নেন। মেয়র মেডিকেলের ডাক্তারদের কাছে চিকিৎসার বিষয়ে জানতে চান এবং প্রয়োজনীয় ঔষুধ, স্যালইন, গজ, ব্যান্ডেজ, রক্তসহ যাবতীয় সকল কিছু তাঁর পক্ষ থেকে ব্যবস্থা করা হবে জানান। তিনি আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন এবং নিহতদের রুহের মাগফেরাত কামনাসহ তাদের পরিবার বর্গের প্রতি সমবেদনা জানান। উল্লেখ্য এই দূর্ঘটনার খবর পেয়ে গতকাল রাতেও মেয়র মেডিকেল ছুটে যান। সে সময় মেয়রের সাথে ছিলেন ওয়ার্ড কাউন্সিল কাজী নুরুল আমিন, আবুল হাসনাত বেলাল, নুর মোস্তফা টিনু, ডা. শেখ শফিউল আজম, ডা. সেলিম আকতার চৌধুরী, ডা. মো. ফখরুল কবির, অধ্যাক মাসুম চৌধুরী, মহানগর স্বেচ্ছাসেবক লীগ সভাপতি দেবানীষ নাথ দেবু প্রমুখ।

সীতাকুণ্ড কন্টেনার ডিপোতে ভয়াবহ বিস্ফোরণে আহতদের পাশে মেয়র

প্রয়োজনীয় ঔষুধসহ চসিকের ডাক্তার ও নার্সদের আহতদের চিকিৎসায় নিয়োজিত থাকার নির্দেশ

সীতাকুণ্ড কন্টেনার ডিপোতে ভয়াবহ অগ্নিকাণ্ডে নিহত ও আহতদের মাঝে ছুটে যান সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। তিনি গতরাত ২টায় চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে আহতদের চিকিৎসার খোঁজ-খবর নেন এবং দূর্ঘটনায় আহতদের প্রয়োজনীয় দ্রুত চিকিৎসা প্রদানে মেডিকেলের ডাক্তারদের আহ্বান জানান। মেয়র চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পক্ষ থেকে ঔষুধ, চিকিৎসা সামগ্রী প্রদান করেন। আহতদের চিকিৎসায় চসিকের ডাক্তার ও নার্সদের এগিয়ে আসার নির্দেশনা প্রদান করেন। এছাড়া চট্টগ্রাম সিটি রোড ক্রিসেন্ট ইউনিটকে প্রয়োজনীয় রক্ত সরবরাহের নির্দেশনাও প্রদান করেন। তিনি বলেন, সিটি কর্পোরেশন সকল দূর্ঘটনার সময় সাধারণ মানুষের পাশে ছিলো এবং থাকবে।

তিনি এই ভয়াবহ অগ্নিকাণ্ডে দূর্ঘটনের পাশে যে সকল চিকিৎসক, নার্স, স্বেচ্ছাসেবী, শিক্ষার্থীসহ এগিয়ে আসছে তাদের ধন্যবাদ জানান। আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন এবং দূর্ঘটনা নিয়ন্ত্রণ করতে গিয়ে যারা নিহত হয়েছেন এবং দূর্ঘটনার কবলে পড়ে নিহতদের রুহের মাগফেরাত কামনা করে শোক সন্তুপ্ত পরিবার বর্গের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

চসিকের ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

সানমার ওশান সিটির বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান হতে বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ১ লক্ষ ৮৬ হাজার টাকা আদায়

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ রবিবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলীর নেতৃত্বে রাজস্ব সার্কেল-৫ এর আওতাধীন নাসিরাবাদস্থ সানমার ওশান সিটির ২৯টি ব্যবসা প্রতিষ্ঠান থেকে বকেয়া ট্রেড লাইসেন্স ফি বাবদ ৮৭ হাজার ৭ শত ৭০ টাকা, আয়কর বাবদ ৮৭ হাজার ও ভ্যাট বাবদ ১১ হাজার ৩ শত ২৫ টাকা আদায় করা হয়। এই সময় ট্রেড লাইসেন্স বিহীন ব্যবসা পরিচালনা করার দায়ে ৪ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ২০ হাজার জরিমানা আদায় করা হয়। বকেয়া হোল্ডিং ট্যাক্স ও ট্রেড

লাইসেন্স ফি আদায়ের এই অভিযান অব্যাহত থাকবে। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩